

দিনশেষে বসন্ত যা প্রাণে গেল ব'লে
তাই নিয়ে বসে আছি, বীণাখানি কোলে ॥
তারি সুর নেব ধরে
আমারি গানেতে ভরে,
ঝরা মাধবীর সাথে যায় সে যে চলে ॥
থামো থামো দখিনপবন,
কী বারতা এনেছ তা কোরো না গোপন ।
যে দিনেরে নাই মনে তুমি তারি উপবনে
কী ফুল পেয়েছ খুঁজে— গন্ধে প্রাণ ভোলে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail